রবিবার	সূরা ইউনুস থেকে সূরা মারইয়াম।
সোমবার	সূরা তাহা থেকে সূরা কাসাস।
মঙ্গলবার	সূরা আনকাবূত থেকে সূরা রাহমান।
বুধবার	সূরা যুমার হতে সূরা রহমান।
বৃহস্পতিবার	সূরা ওয়াকিয়া হতে সূরা নাস।

একাকী ও নির্জনে পাঠ করুন।  
তিলাওয়াতের মাঝখানে কথা-বার্তা বলবেন না।  
প্রত্যেক প্রয়োজনীয় ও জায়িয় কাজে সফলতা  
অর্জনের জন্য লাগাতার ১২ বার খতম শরীফ খুবই  
ফলদায়ক হিসেবে বিশ্বাস রাখুন।

صَلُّوْا عَلَيَّ الْحَبِيْبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَيَّ مُحَمَّدٍ

## দরুদে রযবীয়াহ্

صَلَّى اللَّهُ عَلَى النَّبِيِّ الْأُمِّيِّ وَآلِهِ، صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ ط صَلَوَةٌ وَسَلَامًا عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ ط

উপরে প্রদত্ত দরুদ ও সালাম জুমার নামাযের পর সমবেতভাবে মদীনা শরীফ رَادَمَا لِلَّهِ شَرَفًا وَتَعْظِيمًا এর দিকে মুখ করে বিনীতভাবে (নামাযের ন্যায়) হাত বেধে দাঁড়িয়ে ১০০ বার পাঠ করুন। যেখানে জুমা হয় না, সেখানে জুমার দিন ফজরের নামাযে, কিংবা যোহর বা আসরের নামাযের পর পাঠ করুন। যেখানে একা হন সেখানে একাকী পাঠ করুন।

২ আ'লা হযরত ইমামে আহলে সুন্নাত মাওলানা শাহ্ আহমদ রযা খান رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ এখানে তিনটি দরুদ শরীফকে একত্রিত করেছেন। তার সাথে সম্পর্কের কারণে এটিকে দরুদে রযবীয়া বলা হয়।

এভাবে ইসলামী বোনেরা আপন আপন ঘরে পাঠ করুন। (পাক ভারত ও বাংলাদেশে ডান হাতের দিকে ঘুরে দাঁড়ানোর প্রয়োজন নেই। ক্বিবলামুখী হয়ে দাঁড়ালেই মদীনা শরীফের দিকে মুখ হয়ে যায়)

## দরুদ ও সালামের ১৭টি মাদানী ফুল

যে রাহমাতুল্লিল আলামীন, শফিউল মুযনিবীন, রাসুলে আমীন, হুযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর সাথে মুহাব্বত রাখবে, যে তাঁর শ্রেষ্ঠত্বকে সমগ্র জাহান হতে অধিক হিসেবে অন্তরে রাখবেন। যে তাঁর শান বা মাহাত্মকে কমিয়ে দেয়ার কাজে রতদের কাছ থেকে দূরে থাকবেন ও আন্তরিক ভাবে তাদের প্রতি অসম্ভুষ্ট থাকবেন, এমন আশিকানে রাসুলদের যে কেউ দরুদ ও সালাম পাঠ করবেন, তার জন্য অগণিত উপকার রয়েছে। যার মধ্যে থেকে ১৭টি মাদানী ফুল পেশ করা হচ্ছে:

\* এটা পাঠকারীর উপর আল্লাহ তাআলা  
 তিন হাজার রহমত নাযিল করবেন, \* তার উপর  
 দুই হাজার বার নিজের সালাম প্রেরণ করবেন,  
 \* পাঁচ হাজার নেকী তার আমলনামায় লিপিবদ্ধ  
 করবেন, \* তার পাঁচ হাজার পদ-মর্যাদা বৃদ্ধি  
 করবেন, \* তার পাঁচ হাজার গুনাহ ক্ষমা করবেন,  
 \* তার কপালের উপর লিখে দিবেন যে, এ ব্যক্তি  
 মুনাফিক নয়, \* তার কপালের উপর লিখে  
 দিবেন, এ ব্যক্তি জাহান্নাম থেকে মুক্ত, \* আল্লাহ  
 তাআলা তাকে কিয়ামতের দিন শহীদগণের সাথে  
 রাখবেন, \* তার সম্পদের মধ্যে উন্নতি দিবেন,  
 \* তার বংশধর ও বংশধরের বংশধরকে বরকত  
 দিবেন, \* শত্রুর উপর বিজয় দান করবেন,  
 \* অন্তর সমূহে তার প্রতি ভালবাসা প্রদান  
 করবেন, \* কোন একদিন স্বপ্নে তাজদারে  
 রিসালাত, হযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর যিয়ারতের  
 সৌভাগ্য দান করবেন,

\* ঈমানের সাথে মৃত্যু লাভ হবে, \* কিয়ামতে রাসুলুল্লাহ ﷺ তার সাথে মুসাফাহা করবেন, \* রাসুলুল্লাহ ﷺ এর সুপারিশ তার জন্য ওয়াজিব হবে, \* আল্লাহ তাআলা তার প্রতি এমনভাবে সম্ভ্রষ্ট হবেন যে, আর কখনো অসম্ভ্রষ্ট হবেন না।<sup>২</sup>

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّدٍ

## নেকীর দাওয়াতের ৬টি গুরুত্বপূর্ণ মাদানী ফুল

(১) প্রত্যেক ইসলামী ভাই-বোন যারা বুদ্ধিমান ও প্রাপ্ত বয়স্ক, তাদের জন্য পাঁচ ওয়াজ্ব নামায আদায় করা ফরয। ইসলামী ভাইদের মসজিদে যাওয়া ও জামাআতে নামায নিষ্ঠার সাথে আদায় করা ওয়াজ্বিব।

<sup>২</sup> (হায়াতে আ'লা হযরত, ১ম খন্ড, ৭১৩, ৭১৪ পৃষ্ঠা)

বে-নামাযী মূলত যেন ছবি স্বরূপ মানুষ। প্রকাশ্য আকৃতিতো মানুষের কিন্তু কাজে কর্মে মানুষের মত কোন কিছু নেই। বে-নামাযী শুধু মাত্র সে নয়, যে কখনো নামায পড়েনা, বরং যে এক ওয়াস্ত নামাযও ইচ্ছাকৃত ভাবে ত্যাগ করে সেও বে-নামাযী। কারো চাকুরী, সেবা, ব্যবসা ইত্যাদি যে কোন সমস্যার কারণে নামায কাযা করা মারাত্মক অকৃতজ্ঞতা ও সীমাহীন বোকামী এবং কবীরা গুনাহ। কোন মালিক, এমনকি কাফিরেরও যদি কর্মচারী হয়, তবুও সে নিজের কর্মচারীকে নামায থেকে বাধা দিতে পারবে না। আর যদি নামায পড়তে না দেয়, তাহলে এমন চাকরী করা নিশ্চিতরূপে হারাম। এমনকি এমন চাকরীও নাজায়িয় যাতে শরয়ী ওয়র ব্যতীত ফরয নামাযের জামাআত ছেড়ে দিতে হয়। উল্লেখ্য যে, রোজগারের কোন মাধ্যম নামায ত্যাগ করে রোজগারে বরকত আনতে পারে না।

রিযিব তাঁরই কুদরতী হাতে রয়েছে, যিনি নামায ফরয করেছেন আর নামায ত্যাগ করাতে তিনি খুবই অসম্ভষ্ট হন। **وَالْعِبَادُ بِاللَّهِ تَعَالَى** (অর্থাৎ- আমরা আল্লাহ্ তাআলার দরবারে পানাহ চাচ্ছি!)

(২) যদি আল্লাহ্র পানাহ! আপনার কাযা নামায বাকী থাকে তবে সবগুলোকে এমনভাবে হিসাব করুন যেন অনুমানের মধ্যে অবশিষ্ট থেকে না যায়। যদি বেশি হয়ে যায়, তাহলে অসুবিধা নেই। আর ঐসব নামায সামর্থ অনুযায়ী ধীরে ধীরে সহসা আদায় করে নিন। মনে রাখবেন! যতক্ষণ পর্যন্ত ফরয নামায নিজ দায়িত্বে বাকী থাকে ততক্ষণ পর্যন্ত কোন নফল নামায কবুল করা হয় না। কাযা নামায যখন অসংখ্য হয়, যেমন- একশত দিনের ফজরের নামায কাযা রয়েছে, তাহলে প্রত্যেকবার এভাবে নিয়ত করুন যে, সর্বপ্রথমে ঐ ফজর যা আমার নিকট থেকে কাযা হয়েছে, তা আদায়ের নিয়ত করলাম।

এভাবে যোহর ও আসর ও অন্যান্য নামাযের নিয়ত করুন। কাযার মধ্যে পাঁচ ওয়াক্তের ফরয, বিতির অন্তর্ভুক্ত। অর্থাৎ- প্রত্যেক দিন ও রাতের ২০ রাকাত নামায আদায় করতে হয়। এটির বিস্তারিত আহকাম জানার জন্য দা'ওয়াতে ইসলামীর প্রকাশনা প্রতিষ্ঠান মাকতাবাতুল মদীনা কর্তৃক প্রকাশিত রিসালা “কাযা নামাযের পদ্ধতি” অধ্যয়ন করুন।

(৩) যতগুলো রোযা কাযা হয়েছে, তা আরেক রমযান আসার পূর্বে আদায় করে নিন। হাদীস শরীফে বর্ণিত আছে: যতক্ষণ পূর্বের রমযানের রোযা সমূহের কাযা আদায় করা না হয়, পরবর্তী (রমযানের রোযাগুলো) কবুল হয়না।<sup>২</sup>

<sup>২</sup> বিস্তারিত জানার জন্য ফয়যানে সুন্নাত'র অধ্যায় “ফয়যানে রমযান” অধ্যয়ন করুন।



(৪) যিনি সম্প্রশালী অর্থাৎ- যার মালিকানায নিসাব পরিমাণ সম্পদ রয়েছে এবং যাকাতের শর্ত সমূহ পাওয়া যায়,<sup>২</sup> তিনি যাকাতও আদায় করবেন। যদি গত বৎসরের যাকাত বাকী থাকে, তা শীঘ্রই হিসাব করে আদায় করে দিন। মনে রাখবেন! (মালের উপর) বৎসর অতিক্রান্ত হওয়ার পর শরয়ী অপারগতা ব্যতীত যাকাত দিতে দেৱী করা গুনাহ। বছরের শুরুতে ধীৱে ধীৱে যাকাত দিতে থাকুন অতঃপর বছর শেষ হওয়ার পর হিসাব করে নিন। যদি সম্পূর্ণ যাকাত আদায় হয়ে যায়, তবে ভাল। অন্যথায় যতটুকু বাকী রয়েছে, তৎক্ষণাৎ যাকাত খরচ করার উপযুক্ত স্থানে দিয়ে দিন। আর যদি কিছু বেশি পরিমাণ আদায় হয়ে যায়,

<sup>২</sup> বিস্তারিত জানার জন্য দা'ওয়াতে ইসলামীৱ প্রকাশনা প্রতিষ্ঠান মাকতাবাতুল মদীনা কর্তৃক প্রকাশিত কিতাব “ফয়যানে যাকাত” অধ্যয়ন করুন।

তাহলে তা আগামী বৎসরের হিসাব থেকে কেটে রাখবেন। আল্লাহ তাআলা কারো নেক আমল বিনষ্ট করেন না।

(৫) সামর্থবান ব্যক্তির উপর হজ্জ আদায় করাও মহান ফরয। আল্লাহ তাআলা এটা ফরয হওয়ার ব্যাপারে ইরশাদ করেন:

وَ لِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ  
سَبِيْلًا ۗ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ﴿٥﴾

তাজেদারে মদীনা, রাহাতে কলবো সীনা,  
হজ্জ পুরনূর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ  
পরিত্যাগকারীর ব্যাপারে ইরশাদ করেছেন:

২ কানযুল ঈমান থেকে অনুবাদ: এবং আল্লাহরই জন্য মানবকুলের উপর সেই ঘরের হজ্জ করা (ফরয) যে সেটা পর্যন্ত যেতে পারে। আর যে অস্বীকারকারী হয়, তবে আল্লাহ সমগ্র জাহান থেকে বেপরোয়া। (পারা- ৪, সূরা- আলে ইমরান, আয়াত- ৯৮)

“চাই সে ইহুদী হয়ে মৃত্যুবরণ করুক অথবা খ্রীষ্টান হয়ে।” (তিরমিযী, ২য় খন্ড, ২১৯ পৃষ্ঠা, হাদীস- ৮১২)

(৬) মিথ্যা, গালি-গালাজ, চোগলখোরী, গীবত, ব্যভিচার, সমকামীতা, খিয়ানত, রিয়া, অহংকার, দাঁড়ি মুগুনো বা এক মুঠি থেকে ছোট রাখা, পাপীদের চাল-চলন গ্রহণ করা, সিনেমা-নাটক দেখা, গান-বাজনা শুনা ইত্যাদি প্রতিটি মন্দ স্বভাব থেকে বেঁচে থাকুন। যে আল্লাহ্ তাআলা ও তাঁর রাসুল صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর আনুগত্য করবে, তার জন্য আল্লাহ্ তাআলা ও তাঁর রাসুল صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর ওয়াদানুযায়ী জান্নাত রয়েছে।

আল্লাহ্ কি রহমত ছে তো জান্নাত হি মিলেগী  
এ্যায় কাশ! মহল্লে মে জাগা উনকে মিলী হো।

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صَلَّى اللهُ تَعَالَى عَلَى مُحَمَّدٍ

## স্মরণীয় বিভিন্ন মাদানী ফুল

যে দিন তুমি এসেছিলে ভবে,  
 কেঁদেছিলে তুমি হেসেছিল সবে ।  
 এমন জীবন করিবে গঠন,  
 মরণে হাসিবে তুমি কাঁদিবে ভুবন ।

\* ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! মনে রাখবেন! আপনার জন্মের সময় সবাই হেসেছিল কিন্তু আপনি কেঁদেছিলেন। এমন জীবন যাপন করবেন, আপনার মৃত্যুতে সবাই কাঁদবে আর আপনি হাসবেন।

\* ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! আপনি যদি ইখলাস বা নিষ্ঠার সাথে আল্লাহ্ তাআলার স্মরণে কান্না করতে থাকেন, প্রিয় হাবীব صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর বিচ্ছেদে আপনার অন্তর যদি জর্জরিত থাকে, তাহলে অবশ্যই অবশ্যই ইত্তিকালের সময়

প্রিয় মাহবুব صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর সাক্ষাৎ লাভে আপনি খুশী ও আনন্দিত হবেন আর আপনার বিচ্ছেদে সৃষ্টিজগৎ বিলাপ ও কান্না করবে।

\* ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! নিজের প্রতিজ্ঞা মনে রাখুন যা আপনি এ অধম গুনাহগার বান্দার হাতে হাত দিয়ে আল্লাহ্ তাআলার নিকট করেছেন এবং আমি বদকার, অধমের জন্যও দোয়া করুন যে, যেমনি হওয়া উচিত, তেমনিভাবে যেন আল্লাহ্র নির্দেশনাবলী বাধ্যতামূলক ভাবে পালন করে জীবিত থাকতে পারি, আর শেষ নিঃশ্বাস ত্যাগ করা পর্যন্ত নিয়মিত ভাবে সুনাত পালন করতে থাকি।

اٰمِيْنَ بِجَاہِ النَّبِيِّ الْاَمِيْنَ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

\* ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! আপনি প্রতিজ্ঞা করেছেন! বিশুদ্ধ “মাযহাবে আহ্লে সুনাত” এর উপর প্রতিষ্ঠিত থাকবেন এবং

প্রত্যেক বদ-মাযহাব থেকে বেঁচে থাকবেন। এ কথার উপর কঠোরভাবে অটল থাকবেন।

فَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ ﴿٥٣﴾

\* ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! মনে রাখবেন! আপনি প্রতিজ্ঞা করেছেন, আপনি নামায, রোযা ও প্রত্যেক ফরয কাজকে পবিত্র শরীয়াত অনুযায়ী আদায় করতে থাকবেন ও গুনাহ থেকে বেঁচে থাকবেন। আল্লাহু তাআলা আপনাকে নিজের ওয়াদার উপর প্রতিষ্ঠিত রাখুন। মনে রাখবেন! ওয়াদা ভঙ্গ করা হারাম ও মারাত্মক দোষ ও অতীব মন্দ কাজ। ওয়াদা পালন করা আবশ্যিক। যদিও কোন নগন্য থেকে নগন্য সৃষ্টির সাথে করা হয়। এ ওয়াদাতো আপনি আপনার প্রতিপালক আল্লাহু তাআলার সাথে করেছেন।

<sup>২</sup> কানযুল ঈমান থেকে অনুবাদ: সুতরাং মৃত্যুবরণ করো না কিন্তু মুসলমান হয়ে। (পারা- ২, সূরা- বাকারা, আয়াত- ১৩২)

✱ ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! মৃত্যুকে স্মরণ রাখুন! যদি মৃত্যুকে স্মরণ রাখেন, তাহলে **إِنْ شَاءَ اللَّهُ عَزَّوَجَلَّ** ধ্বংসের হাত থেকে মুক্তি লাভ করবেন। দ্বীন ও ঈমান নিরাপদ থাকবে ও সূনাতের অনুসরণ করার সৌভাগ্যও লাভ হবে এবং গুনাহ থেকে নিরাপত্তাও অর্জিত হবে।

✱ ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! আজকের দিনগুলোতে জেগে থাকুন। যাতে মৃত্যুর পর শান্তি সুখে ও আরামের নিদ্রায় থাকেন। ফিরিশতা করবে যেন আপনাকে বলে **“نَمْ كَنَوْمَةَ الْعَرُوسِ”** অর্থাৎ- তুমি দুলহানের মত ঘুমাও।

জাগনা হে জাগলে আফলাক কে ছায়ে তলে,  
হাশর তক ছোতা রহেগা খাক কে ছায়ে তলে।

✱ ওহে ইসলামী ভাই ও ইসলামী বোনেরা! দুনিয়ার প্রতি আসক্ত হবেন না। দুনিয়ার প্রতি সীমাহীন পাগল হওয়াই আল্লাহ্ তাআলা হতে বিমুখ হওয়া।

বে ওয়াফা দুনিয়া পে মত কর ইতিবার,  
তু আছানক মওত কা হোগা শিকার ।

صَلُّوْا عَلَی الْحَبِیْب! صَلَّى اللهُ تَعَالَى عَلَی مُحَمَّد

## ইসলামী বোনেরা মনযোগ দিন

ইসলামী বোনেরা! নিজেদের বিশেষ দিনগুলোর (মাসিক) ব্যাপারে জানা আপনাদের জন্য জরুরী। এ জন্য “বাহারে শরীয়াত” এর ২য় খন্ড অবশ্যই পাঠ করুন বা কোন ইসলামী বোনের মাধ্যমে পড়িয়ে অবশ্যই শুনে নিন। এছাড়া পর্দার ব্যাপারে দা’ওয়াতে ইসলামীর প্রকাশনা প্রতিষ্ঠান মাকতাবাতুল মদীনা কর্তৃক প্রকাশিত কিতাব “পর্দা সম্পর্কিত প্রশ্নোত্তর” অধ্যয়ন করুন। এখানে পর্দা সম্পর্কিত একটি বর্ণনা আরম্ভ করা হচ্ছে। যেমন- হযরত সাযিদ্দাতুনা উম্মে সালামা বলেন:



আমি ও হযরত সাযিয়াদাতুনা মাইমুনা رَضِيَ اللهُ تَعَالَى عَنْهَا  
 আমরা উভয়ে হুযুর পুরনুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর  
 বরকতময় খিদমতে উপস্থিত ছিলাম। তখন (অন্ধ  
 সাহাবী) হযরত আবদুল্লাহ বিন উম্মে মাকতুম  
 رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُ আসলেন, সারকারে আলী ওয়াকার,  
 হুযুর صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ আমাদের উভয়কে ইরশাদ  
 করলেন: “পর্দা করে নাও” আমি আরয করলাম:  
 ওহে আমার আক্কা صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ! তিনি তো  
 অন্ধ, আমাদেরকে দেখবেন না। এর জবাবে  
 মদীনার তাজদার, রাসুলদের সরদার, হুযুরে  
 আনওয়ার صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ ইরশাদ করলেন:  
 “তোমরা উভয়েও কি অন্ধ? তোমরা কি তাঁকে  
 দেখতে পাবে না?”

(জামে তিরমিযী, ৪র্থ খন্ড, ৩৫৬ পৃষ্ঠা, হাদীস- ২৭৮৭)

ইসলামী বোনেরা! এটা থেকে জানা গেল,  
 যেভাবে পুরুষের জন্য আবশ্যিক, বেগানা মহিলাকে  
 না দেখা, অনুরূপভাবে মহিলাও বেগানা পুরুষকে

দেখা থেকে বেঁচে থাকবে। তবে পুরুষ বেগানা মহিলাকে দেখা আর নারী বেগানা পুরুষকে দেখার মধ্যে কিছুটা পার্থক্য রয়েছে। যেমন- “বাহারে শরীয়াত” ৩য় খন্ড, ৪৪৩ পৃষ্ঠা ৬নং মাসয়ালা রয়েছে: মহিলা বেগানা পুরুষের দিকে দৃষ্টি দেওয়ার ঐ হুকুম, পুরুষ একে অপরের দিকে দৃষ্টি দেওয়ার যে হুকুম। যখন নারীর যদি এটা নিশ্চিত বিশ্বাস হয় যে, অমুক পুরুষকে দেখলে তার কামভাবের সৃষ্টি হবে না, (তাহলে দেখাতে অপরাধ হবে না) আর যদি তার তাতে সন্দেহও হয়, তাহলে অবশ্যই দেখবে না। (আলমগিরী, ৫ম খন্ড, ৩২৭ পৃষ্ঠা)

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صَلَّى اللَّهُ تَعَالَى عَلَى مُحَمَّدٍ

## ইসলামী বোনদের জন্য ৭টি মাদানী ফুল

(১) ইসলামী বোন বেগানা পুরুষের শরীরকে কখনো স্পর্শ করবে না।

তার সাথে মুসাফাহা (করমর্দন) করবে না, এমনকি নিজের পীরের হাতেও চুমু দিবে না, আর নিজের মাথার উপর তার দ্বারা হাতও বুলিয়ে নিবে না।

(২) ইসলামী বোন নিজের মাথার চুল, যা চিরুণী ইত্যাদি করার কারণে বের হয়, তা যেন এমন কোন জায়গায় না রাখে, যেখানে পর-পুরুষের দৃষ্টি পড়ে,

(৩) চাচাত, খালাত, ফুফাত, মামাত ভাই-বোন যারা রয়েছে, তাদের মধ্যেও পর্দার নির্দেশ রয়েছে এবং দেবর -ভাবীর মধ্যে পর্দাহীনতাতো মৃত্যুর সমতুল্য আর ধ্বংসের কারণ। এমনকি ভগ্নিপতি, খালু, ফুফা ও ভাসুর থেকেও পর্দা করার হুকুম রয়েছে।

(৪) ইসলামী বোনেরা নিজ ঘরের বাইরে, (আঙ্গিনায়) বেলকনিতে বসবেন না এবং উঁকি মারবেন না। এভাবেও ফিতনার দরজা খুলে যায়।

صَلُّوْا عَلَی الْحَبِیْب! صَلَّی اللهُ تَعَالَى عَلَی مُحَمَّدٍ

## দা'ওয়াতে ইসলামী

প্রিয় ইসলামী ভাই ও ইসলামী বোনেরা!  
 “দা'ওয়াতে ইসলামী” তবলীগে কুরআন ও সুন্নাতের বিশ্বব্যাপি একটি অরাজনৈতিক সংগঠন। আপনার উচিত শারীরিক, মানসিক ও আর্থিকভাবে যথাসম্ভব সহযোগীতা করুন। যেখানে যেখানে এর সাপ্তাহিক ইজতিমা অনুষ্ঠিত হয়, যথাসাধ্য এতে অংশগ্রহণ করুন। এভাবে যেখানে যেখানে “ফয়যানে সুন্নাত” এর দরস হয়, সেখানেও অংশগ্রহণ করুন। যেখানে “ফয়যানে সুন্নাত” এর দরসের ব্যবস্থা নেই সেখানে দরস চালু করুন। সকল ইসলামী ভাইকে এর প্রতি বিশেষভাবে গুরুত্ব আরোপ করছি, সুন্নাত প্রশিক্ষনের জন্য প্রতি মাসে ৩ দিন মাদানী কাফিলাতে আশিকানে রাসুলদের সাথে সফর করুন।

হে আমার প্রিয় আল্লাহ্! আমাদের সবাইকে দা'ওয়াতে ইসরামীর মুবািল্লিগ, তোমার পছন্দনীয় বান্দা, আশিকে রাসুল ও আশিকে মদীনা বানিয়ে দাও। আর আমাদেরকে বিনা হিসাবে ক্ষমা

করে দাও। **اٰمِيْنَ بِجَاہِ النَّبِيِّ الْاَمِيْنَ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ**

উন দো কা সদকে জিন কো কাহা মেরে ফুল হে,  
কিজিয়ে রযা কো হাশর মে খান্দাঁ মিছালে গুল।

**صَلُّوْا عَلَی الْحَبِيْب! صَلَّى اللهُ تَعَالَى عَلٰی مُحَمَّدٍ**

## ওরছ ও দাফনের তারিখ

নং	পবিত্র নাম	ওফাত	দাফন শরীফ
১	শাহানশাহে মদীনা صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ	১২ রবিউল আউয়াল ১১ হিজরী	মদীনা শরীফ
২	হযরতে মওলা আলী رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُ	২১ রমযানুল মোবরক ৪০ হিজরী	নাজাফ শরীফ
৩	হযরতে ইমাম হোসাইন رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُ	১০ মুহররামুল হারাম ৬১ হিজরী	কারবালারে মুআল্লা

৪	ইমাম যাইনুল আবিদীন رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	১৮ মুহররামুল হারাম ৯৪ হিজরী	মদীনা শরীফ
৫	ইমাম বাকীর رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	৭ যিলহজ্জ ১১৪ হিজরী	মদীনা শরীফ
৬	ইমাম জাফর সাদিক رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	১৫ রজব ১৪৮ হিজরী	মদীনা শরীফ
৭	ইমাম কাযিম رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	৫ রজব ১৮৪ হিজরী	বাগদাদ শরীফ
৮	ইমাম রাযা رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	২১ রমযানুল মুবারক ২০২ হিজরী	মাশহুদ শরীফ
৯	ইমাম মা'রুফ কারখী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	২ মুহাররামুল হারাম ২০০ হিজরী	বাগদাদ শরীফ
১০	ইমাম সারী সাকাভী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	১৩ রমযানুল মুবারক ২৫৩	বাগদাদ শরীফ
১১	ইমাম জুনাইদ বাগদাদী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	২৭ রজব ২৯৭, ২৯৮.২৯৯ হিজরী	বাগদাদ শরীফ
১২	ইমাম শিবলী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	২৭ যিলহজ্জ ৩৩৪ হিজরী	বাগদাদ শরীফ
১৩	ইমাম শায়খ আবদুল ওয়াহিদ رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	২৬ জমাদিউল আখির ৪২৫ হিজরী	বাগদাদ শরীফ
১৪	ইমাম আবুল ফা়াহ তারতুসী رَحْمَةُ اللهِ تَعَالَى عَلَيْهِ	৩ শাবানুল মুয়াযযাম ৪৪৭ হিজরী	বাগদাদ শরীফ

১৫	আবুল হাসান ভিকারী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১ মুহাররামুল হারাম ৪৮৬ হিজরী	বাগদাদ শরীফ
১৬	ইমাম আবু সাঈদ মাখযুমী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	৭ মুহাররামুল হারাম ৫১৩ হিজরী	বাগদাদ শরীফ
১৭	হযরত গাউসে আযম رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১১ রবিউল আখির ৫৮২ হিজরী	বাগদাদ শরীফ
১৮	ইমাম সায্যিদ আবদুর রায্যাক رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	৬ শাওয়াল ৬২৩ হিজরী	বাগদাদ শরীফ
১৯	ইমাম আবু সালেহ رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২৭ রজব ৬৩২ হিজরী	বাগদাদ শরীফ
২০	ইমাম মহিউদ্দীন رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২২ রবিউল আওয়াল ৬৫৬ হিজরী	বাগদাদ শরীফ
২১	ইমাম সায্যিদ হাসানী জিলানী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২৩ শাওয়াল ৭৩৯ হিজরী	বাগদাদ শরীফ
২২	সায্যিদ মুসা রযা رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৩ রজব ৭৬৩ হিজরী	বাগদাদ শরীফ
২৩	হযরত সায্যিদ হাসান رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২৬ সফর ৭৮১ হিজরী	বাগদাদ শরীফ
২৪	হযরত সায্যিদ আহমদ জিলানী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৯ মুহররাম হারাম ৮৫৩ হিজরী	বাগদাদ শরীফ
২৫	শায়খ বাহাউদ্দীন رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১১ যিলহজ্জ ৯২১ হিজরী	দৌলতাবাদ, হায়দারাবাদ, দকন।

২৬	শায়খ ইবরাহীম ইরিষী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৫ রবিউল আখির ৯৪০, ৯৫৩ হিজরী	দরগাহে মাহবুবে ইলাহী, দিল্লী।
২৭	শায়খ মুহাম্মদ ভিকারী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	৯ যিলকদ ৯৮১ হিজরী	কাকুরী শরীফ।
২৮	কায়ী যিয়াউদ্দীন মারুফ বাজিয়া رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২২ রজব ৯৮৯ হিজরী	লক্ষৌ
২৯	শায়খ জামাল উদ্দীন আওলিয়া رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	ঈদুল ফিতরের রাত ১০৪৭ হিজরী	কুচা জাহাঁবাদ, জিলাফতছুরী, ষ্টেশন হেগী রোড।
৩০	সায়্যিদ মুহাম্মদ কালপুরী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	৬ শাবান, ১০৭১ হিজরী	কালফী শরীফ
৩১	সায়্যিদ আহমদ কালপুরী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৯ সফর ১৪৮৪ হিজরী	কালফী শরীফ
৩২	সায়্যিদ ফাযলুল্লাহ رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৪ যিলকদ ১১১১ হিজরী	কালফী শরীফ
৩৩	সায়্যিদ আলে বরকতুল্লাহ رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১০ মুহররামুল হারাম ১১৪২ হিজরী	মারহারাহ মাযহার, জিলা-ইটাহ
৩৪	সায়্যিদ আলে মুহাম্মদ رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৬ রমযান ১১৬৪ হিজরী	মারহারাহ মাযহার, জিলা-ইটাহ
৩৫	শাহ হামযাহ رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৪ রমযান ১১৯৮ হিজরী	মারহারাহ মাযহার, জিলা-ইটাহ



৩৬	সায়্যিদ শাহ আলে আহমদ আছে মিয়া رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৭ রবিউল আওয়াল ১২৯৬ হিজরী	মারহারাহ মাযহার, জিলা-ইটাহ
৩৭	সায়্যিদ শাহ আলে রাসূল رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	১৮ যিলহজ্জ ১২৯৬ হিজরী	মারহারাহ মাযহার, জিলা-ইটাহ
৩৮	ইমাম আহমদ রাযা খাঁন رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	২৫ সফর ১৩৪০ হিজরী	বেরীলী শরীফ
৩৯	শায়খ যিয়াউদ্দীন মাদানী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ	৪ যিলহজ্জ ১৪০১ হিজরী	মদীনা তায়িবা
৪০	হযরত মাওলানা আবদুস সালাম কাদেরী رَحْمَةُ اللَّهِ تَعَالَى عَلَيْهِ		

## شاجراے اعلیٰ

یا الہی رَحْمَہ فرما مُصطَفٰیؑ کے واسطے  
 یا رَسُوْلَ اللہ کرم کیجئے خُدا کے واسطے  
 مُشکلین حل کر شہِ مُشکلِ کُشاؑ کے واسطے  
 کر بلائیں رَدِ شہید کر بلاؑ کے واسطے  
 سیدِ سجادؑ کے صدقے میں ساجد رکھ مجھے  
 عِلْمِ حق دے باقرِ عِلْمِ ہدیٰ کے واسطے  
 صِدْقِ صَادِقِؑ کا تَصَدُّقِ صَادِقِ الْاِسْلَامِ کر  
 بے غَضَبِ راضی ہو کا ظمِؑ اور رِضاؑ کے واسطے  
 بہرِ مَعْرُوفِؑ و سِرِّیٰؑ معرفت دے بے خود سِرِّیٰ  
 جُنْدِ حق میں گن جُنْدِؑ باصفا کے واسطے  
 بہرِ شَبَلِیٰؑ شیرِ حق دُنیا کے کُتوں سے بچا  
 ایک کارِ رکھ عبدِ واحدؑ بے ریا کے واسطے  
 بُو الْفَرَحِؑ کا صدقہ کر غم کو فرح دے حُسن و سَعَد  
 بُو الْحَسَنِؑ اور بُو سَعیدِؑ سعدِ زاکِ واسطے

قادری کر قادری رکھ قادریوں میں اٹھا  
 قدرِ عبدالقادر<sup>۶۹</sup> قدرتِ نما کے واسطے  
 أَحْسَنَ اللَّهُ لَهُمْ رِزْقًا<sup>۷۰</sup> سے دے رزقِ حَسَن  
 بندہ رزاق تاجِ الْأَصْفِيَاءِ<sup>۷۱</sup> کے واسطے  
 نصرِ اَبیِ صَلَاحٍ<sup>۷۲</sup> کا صدقہ صلح و منصور رکھ  
 دے حیاتِ دینِ مُحِبِّ<sup>۷۳</sup> جاں فزا کے واسطے  
 طُورِ عِرْفَانَ وَعُلُوِّ حَمْدٍ وَحُسْنِ وَبَهَا  
 دے علی<sup>۷۴</sup> موسیٰ<sup>۷۵</sup> حَسَن<sup>۷۶</sup> احمد<sup>۷۷</sup> بہا<sup>۷۸</sup> کے واسطے  
 بَسْرِ اِبْرَاهِيمَ<sup>۷۹</sup> مجھ پر نارِ غم گلزار کر  
 بھیک دے داتا بھکاری<sup>۸۰</sup> بادشا کے واسطے  
 خانہِ دل کو ضیا دے رُوئے اِیْمَانِ کو جَمَالِ  
 شَهْ ضِيَاءِ<sup>۸۱</sup> مولیٰ جَمَالِ الْاَوْلِيَاءِ<sup>۸۲</sup> کے واسطے  
 دے محمد<sup>۸۳</sup> کے لئے روزی کر احمد<sup>۸۴</sup> کے لئے  
 خَوَانِ فَضْلِ اللَّهِ<sup>۸۵</sup> سے حصّہ گدا کے واسطے

۲ آبنلواھ تاآلانا تاکے اؤقوام ریشیک دان کررکن ا

دین و دنیا کے مجھے برکات دے برکات ۷۷ سے  
 عشقِ حق دے عشقی، عشقِ ایتما کے واسطے  
 حُبِ اہل بیت دے آلِ محمد ۷۸ کے لئے  
 کر شہیدِ عشق، حمزہ ۷۴ پیشوا کے واسطے  
 دل کو اچھاتن کو ستھرا جان کو پُر نور کر  
 اچھے پیارے شمسِ دین ۷۵ بدرُ العلیٰ کے واسطے  
 دو جہاں میں خادمِ آلِ رسول اللہ کر  
 حضرت آلِ رسول ۷۹ مقتدا کے واسطے  
 کر عطا احمد رضائے احمد مرسل مجھے  
 میرے مولیٰ حضرت احمد رضا ۷۲ کے واسطے  
 پُر ضیا کر میرا چہرہ حشر میں اے کبریا  
 شہِ ضیاء الدین ۷۵ پیرِ باصفا کے واسطے  
 اَحْيِنَا فِي الدِّينِ وَالدُّنْيَا سَلَامًا بِالسَّلَامِ ۷۶  
 قادری عبدُ السلام ۸۰ خوش ادا کے واسطے

۷۲- মুহাব্বতের সাথে সম্পর্ককারী

۷۳- অর্থাৎ- আমাদেরকে دীন ও দুনিয়ার নিরাপত্তা প্রদান কর ।

عشقِ احمد میں عطا کر چشمِ تر سوزِ جگر  
 یاخذ الیاس<sup>8۵</sup> کو احمد رضا کے واسطے  
 صدقہ ان اعمیاء کا دے چھ عین عز، علم و عمل  
 عفو و عرفان عافیت اس بے نوا کے واسطے

## شাজারایے آلییا

ایسا ایلاهی رهم فرما مؤسٹفا که ویا سیتہ،  
 ایسا راسولاللاہ کرم کی-جیے خواداکہ ویا سیتہ ।  
 مؤشکیلہ ہال کر شاہے مؤشکیل کوشاکہ ویا سیتہ،  
 کر بالایے راد شاہیڈے کاربالاکہ ویا سیتہ ।  
 ساییڈے ساججاد که سدکے مے ساجید راکھ مؤبہ،  
 ایلمے ہکڈے باکیرے ایلمے ہڈاکہ ویا سیتہ ।  
 سیدکے سادیک کا تاساددوک سادیکول ایسلام کر،  
 بے گشب رایی ہو کاہیم آاؤر ربا که ویا سیتہ ।  
 بےہرے ما'رؤفہ ساری ما'رؤف ڈے بےخود ساری،  
 جونڈے ہک مے گینؤ جونایڈے با سافاکے ویا سیتہ ।

বেহরে শিবলী শেরে হক দুনইয়া কে কুত্তো ছে বাচা,  
 এক কা রাখ আ'বদে ওয়াহিদ বে-রিয়া কে ওয়াসিতে ।  
 বুলফারাহ কা সদকা কর গমকো ফারাহ দে হুসনো সাআদ,  
 বুলহাসান আওর সুসান্গিদে সাদেয়া কে ওয়াসিতে ।  
 কাদেরী কর কাদেরী রাখ কাদেরীয়ো মে উঠা,  
 কাদরে আবদুল কাদিরে কুদরাত নুমাকে ওয়াসিতে ।  
 আহ্‌সানাল্লাহ্‌ লাহ্‌ম রিয়কান ছে-দে রিয়কে হাসান,  
 বান্দায়ে রায্যাক তাজুল আসফিয়া কে ওয়াসিতে ।  
 নাস্‌রা-বী সালিহ কা সাদকা সালিহো মানসূর রাখ,  
 হে হায়াতে দী মুহ্‌য়ি জাঁফিয়া কে ওয়াসিতে ।  
 তূরে ই'রফানো উ'লুভ্য হামদো হুসনা ওয়া বাহা,  
 দে আলী মূসা হাসান আহমদ বাহা কে ওয়াসিতে ।  
 বেহরে ইব্রাহীম মুব্‌ পর না-রে গাম গুলযারে কর,  
 ভীক্‌দে দাতা ভিকারী বাদশাহ কে ওয়াসিতে ।  
 খানয়ে দিল কো যিয়া দে রুয়ে ঈমা কো জামাল,  
 শাহ্‌ যিয়া মাওলা জামালুল আওলিয়াকে ওয়াসিতে ।  
 দে মুহাম্মদ কে লিয়ে রোযী কর আহমদ কে লিয়ে,  
 খোয়ানে ফাদলুল্লাহ্‌ ছে হিস্‌সা গাদাকে ওয়াসিতে ।

দ্বীনো দুন্ইয়াকে মুঝে বারাকাত দে বারাকাত ছে,  
 ই'শ্কে হকদে ই'শ্কা ই'শ্কে ইনতিমা কে ওয়াসিতে ।  
 ছবে আহলে বায়ত দে আ-লে মুহাম্মদ কে লিয়ে,  
 কর শহীদে ই'শক হামযা পেশওয়া কে ওয়াসিতে ।  
 দিল কো আচ্ছা তান্ কো সুথরা জা-ন কো পুর নুর কর,  
 আচ্ছে পিয়ারে শামসে দী বাদরুল উ'লা কে ওয়াসিতে ।  
 দো-জাঁহা মে খাদিমে আ-লে রাসূলুল্লাহ কর,  
 হযরতে আ-লে রাসূলে মুকতাদা কে ওয়াসিতে ।  
 কর আ'তা আহমদ রযায়ে আহমদে মুরসাল মুঝে,  
 মেরে মাওলা হযরতে আহমদ রযা কে ওয়াসিতে ।  
 পুর যিয়া কর মেরা চেহরা হাশর মে এ্যায় কিবরিয়া,  
 শাহ্ যিয়া উদ্দীন পীরে বা-সাফা কে ওয়াসিতে ।  
 আহুয়িনা ফিদীনে ওয়াদ্ দুন্ইয়া সালামুন্ বিস্সালাম,  
 কাদেরী আবদুস সালাম খোশ আদা কে ওয়াসিতে ।  
 ইশ্কে আহমদ মে আ'তা কর চশমে তর্ সোযে জিগর,  
 ইয়া খোদা ইলইয়াস কো আহমদ রযা কে ওয়াসিতে ।  
 সদকা ইন্ আ'ইয়াকা দে ছে আইন ইয্ ইলমো আ'মল,  
 অ'ফভু, ই'রফা', আ'ফিয়াত মুঝ বে-নাওয়া কে ওয়াসিতে ।

হে আল্লাহ্! এই সকল বুয়ুর্গ মাশায়েখদের  
বরকতে আমার এই ইসলামী ভাই / বোন:

..... কাদেরী, রযবী

পিতার নাম: .....

ঠিকানা: .....

এর বক্ষকে মদীনা বানিয়ে দাও ।

اٰمِيْنَ بِجَاہِ النَّبِيِّ الْاَمِيْنَ صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ



সাক্ষর                      তারিখ:.....১৪.....হিজরী

(এই সুবিন্যাস্ত শাজারার কবিতাগুলোর অর্থ এবং  
অন্যান্য চমৎকার বিষয় জানার জন্য মাকতাবাতুল  
মদীনা কর্তৃক প্রকাশিত কিতাব “**শরহে শাজারায়ে  
কাদেরীয়া, রযবীয়া**” অধ্যয়ন করুন)



## তথ্যসূত্র

কিতাব	প্রকাশনা	কিতাব	প্রকাশনা
কুরআন	মাকতাবাতুল মদীনা, বাবুল মদীনা করাচী	শুয়াবুল ঈমান	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত
বুখারী	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত	আত্‌তারগীব ওয়াত্‌তারহীব	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত
মুসলিম	দারে ইবনে হাযম, বৈরুত	মাদারেজ্জুন্ নবুয়ত	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত
আবু দাউদ	দারে ইহুইয়াউত্ তুরাসিল আরবী, বৈরুত	মিরকাত	দারুল ফিকির, বৈরুত
তিরমিযী	দারুল ফিকির, বৈরুত	আলমগিরী	দারুল ফিকির, বৈরুত
মুসান্নিফ আব্দুর রায্বাক	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত	আল ওযীফাতুল করীমা	মাকতাবাতুল মদীনা, বাবুল মদীনা করাচী
দারেমী	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত	হায়াতে আ'লা হযরত	মাকতাবায়ে নববীয়া মাকাযুল আউলিয়া লাহোর
আল সুনানুল কুবরা	দারুল কুতুবিল ইলমিয়া, বৈরুত	বাহারে শরীয়াত	মাকতাবাতুল মদীনা, বাবুল মদীনা করাচী

## মুরিদ হওয়ার জন্য কি পীরের হাতের উপর হাত রাখা জরুরী?

رَبُّنَا اللهُ تَعَالَى عَلَيْهِ  
ইমাম আহমদ রযা খান رحمته الله تعالى عليه বলেন: বার্তা বাহক বা চিঠির মাধ্যমে মুরিদ হতে পারবে। (ফতোওয়ারয়ে রব্বীয়া, ২৬তম খণ্ড, ৫৮৫ পৃষ্ঠা) “হিদায়া” নামক কিতাবে বর্ণিত আছে: সরাসরি সন্তোষন করে কথা বলার যে হুকুম, চিঠিরও একই হুকুম। (হিদায়া, ৩য় খণ্ড, ২০ পৃষ্ঠা) জানা গেল, মুরিদ হওয়ার জন্য সামনে বসে হাতের উপর হাত রেখে বাইয়াত গ্রহণ করা জরুরী নয়। আর না-মুহরিম মহিলাতো পীরের হাতে হাত রাখতেই পারবে না। অবশ্য গায়েবানা (অর্থাৎ- অপ্রকাশ্য ভাবে) বাইয়াত গ্রহণ করাও যথেষ্ট হবে। তাই ফোনে কল করে বা মেসেইজ পাঠিয়ে বা ইন্টারনেটে মেইল করে বা মাদানী চ্যানেলের মাধ্যমে বাইয়াত করা এবং বাইয়াত হওয়া শরীয়াতের দৃষ্টিতে জাযিয়।

## মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

ফরমান্দে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়দাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭  
কে. এম. ডবল, বিদীয় তলা, ১১ আন্দরকিয়া, ১ইমাম। মোবাইল: ০১৮১০৬৭১৫৭২, ০১৮৪৫৪০৩৫৮৯  
ফরমান্দে মদীনা জামে মসজিদ, নিয়ামতপুর, টায়লপুর, নীলফামারী। মোবাইল: ০১৭১২৬৭১৪৪৬

E-mail: [bdmaktabatulmadina26@gmail.com](mailto:bdmaktabatulmadina26@gmail.com)  
[bdtarajim@gmail.com](mailto:bdtarajim@gmail.com), Web: [www.dawateislami.net](http://www.dawateislami.net)